CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC(CBCS)/EVEN/SEM/**
**BNGHCC–601T/006**

**TDC (CBCS) Even Semester Exam.,**
**September—2021**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGHCC–601T

**( প্রাচ্য সাহিত্যতত্ত্ব ও ছন্দ অলংকার )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। প্রাচ্য সাহিত্যতত্ত্বের যে কোনো একজন আলংকারিক ও তাঁর রচিত অলংকারশাস্ত্র-বিষয়ক গ্রন্থের নাম লেখো।

২। অলংকারশাস্ত্রে উল্লিখিত 'রীতিরাত্মা কাব্যস্য' বা রীতিবাদী যে কোনো দুজন আলংকারিকের নাম লেখো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। প্রাচ্য সাহিত্যতত্ত্বে আলংকারিকেরা 'সকল হৃদয়ে সমবাদী' হিসেবে কোন্ কোন্ ভাবের উল্লেখ করেছেন?

৪। প্রাচ্য অলংকারশাস্ত্রে 'রসবাদ' কে প্রথম প্রবর্তন করেছিলেন? তাঁর বিখ্যাত গ্রন্থের নাম লেখো।

৫। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধটি কত সালে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

৬। সাহিত্যের প্রধান উপকরণ হিসেবে রবীন্দ্রনাথ দুটি মাধ্যমের কথা বলেছেন। সেগুলি কী কী?

৭। "পাহাড় কালাকালের কোনো বিচার না করিয়া তাঁহার ভাষা বহন করিয়া আসিতেছে।" এখানে কার কথা বলা হয়েছে? কোথাকার পাহাড়ের উল্লেখ করা হয়েছে?

৮। 'কুমারসম্ভব' কাব্যটি কে, কোন্ ভাষায় রচনা করেছেন?

৯। বাংলা ছন্দে কত ধরনের অক্ষরের উল্লেখ রয়েছে? সেগুলি কী কী?

১০। 'মাত্রা'র সংজ্ঞা নির্দেশ করো।

১১। ছন্দে অর্থ অনুসারে এবং শ্বাসের প্রয়োজনে বাক্যে যে বিরতি হয় তাকে কী বলা হয়? 'পূর্ণচ্ছেদ' কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১২। ছন্দে কীসের উপরে নির্ভর করে লয়ের বিচার করা হয়? লয় কত ধরনের?

১৩। অলংকারের প্রধান দুটি ধারা কী কী?

১৪। 'যমক' অথবা 'বক্রোক্তি' অলংকারের সংজ্ঞা লেখো।

১৫। উপমেয় ও উপমানের পার্থক্য নিরূপণ করো।

১৬। অলংকারশাস্ত্রে যেখানে দুটি বিষয়ের মধ্যে আপাত বিরোধ আছে, প্রকৃত বিরোধ নেই, সেখানে কী অলংকার হয়? একটি উদাহরণ দাও।

১৭। শ্বাসাঘাতপ্রধান ছন্দের বহুল প্রচলিত নাম কী? এতে সাধারণত কত মাত্রার পূর্ণ পর্ব থাকে?

১৮। তানপ্রধান ছন্দ নামের যে বিশেষ তাৎপর্য রয়েছে তা ব্যাখ্যা করো।

১৯। রবীন্দ্রনাথ কোন্ ছন্দে অপূর্ব শোষণশক্তির কথা বলেছেন? এই ধরনের ছন্দের লয় কী?

২০। বাংলা ছন্দে গীতিধর্মী ছন্দ বলতে কোন্ ছন্দকে বোঝানো হয়? এই ধরনের ছন্দে রুদ্ধদল বা হলন্ত অক্ষর কত মাত্রার হয়ে থাকে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

২১। "নিরলংকার বাক্যও কাব্য হতে পারে, তার কারণ কাব্যের আত্মা হচ্ছে রীতি।" এই অভিমত তোমার নিজের ভাষায় বিশ্লেষণ করো।

২২। "বাক্যং রসাত্মকং কাব্যম।" উক্তিটির যাথার্থ্য নিরূপণ করো।

২৩। "বাহিরের জগৎ আমাদের মনের মধ্যে প্রবেশ করিয়া আর একটা জগৎ হইয়া উঠিতেছে।" এই উক্তির নিরিখে রবীন্দ্রনাথ ঠাকুরের 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে সাহিত্যসৃষ্টি বিষয়ক যে ভাবনা প্রকাশিত হয়েছে তা বিশ্লেষণ করো।

২৪। 'সাহিত্য' গ্রন্থের অন্তর্ভুক্ত 'সৌন্দর্যবোধ' প্রবন্ধের সারসত্য তোমার নিজের ভাষায় বিশ্লেষণ করো।

২৫। শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

২৬। ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্য নিরূপণ করে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

২৭। নিম্নোক্ত অলংকারগুলির উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো (যে কোনো দুটি) :

শ্লেষ ; উপমা ; সমাসোক্তি।

২৮। উল্লিখিত অলংকারগুলির উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করো (যে কোনো দুটি) :

রূপক ; ব্যাজস্তুতি ; উৎপ্রেক্ষা।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২৯। ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দুটি) :

(ক) "দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার।
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুশিয়ার!"

(খ) "ঘুমটি ভাঙ্গে পাখির ডাকে, রাতটি যে পোহালো—
ভোরের বেলা চাঁপায় পড়ে চাঁপার মত আলো।"

(গ) "এ কথা জানিতে তুমি ভারত-ঈশ্বর শা-জাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।"

(ঘ) "কে মেরেছে কে ধরেছে কে দিয়েছে গাল?
তাইতো খুকু রাগ করেছে ভাত খায়নি কাল।"

(ঙ) "মাধব তুয়া অভিসারক লাগি।
দূতর পন্থ-গমন ধনি সাধয়ে
মন্দিরে যামিনী জাগি॥"

৩০। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) :

(ক) "ভারত ভারতখ্যাত আপনার গুণে।"

(খ) "আমি কি ডরাই, সখি, ভিখারী রাঘবে?"

(গ) "বোশেখী দুপরে দূরে বালুচরে কাঁপিছে ঝিঁঝির পাখা।"

(ঘ) "ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান"

(ঙ) "গ্রহণ করেছ যত ঋণী তত করেছ আমায়;
হে বন্ধু বিদায়।"

***